# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 29-03-2025** **Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) কেন্দ্রীয় ওষুধ নিয়ন্ত্রক সংস্থা- CDSCO এরাজ্যের দুটি সহ গোটা দেশের একাধিক সংস্থার ১০৪-টি ব্র্যান্ডের ওষুধকে গুণগতভাবে অনুপযুক্ত বলে চিহ্নিত করেছে।

জলাতঙ্কের জাল টীকা বাজারে ছড়িয়ে পড়েছে বলে রাজ্যগুলিকে সতর্ক করা হয়েছে।

২) পঞ্চায়েতস্তরে বিভিন্ন শংসাপত্র, বিল্ডিং প্ল্যানের ছাড়পত্র দেওয়ার মতো ১২-টি নাগরিক পরিষেবা অনলাইনে দেওয়া বাধ্যতামূলক করা হচ্ছে।

৩) বীরভূমের দেউচা পাঁচামিতে জমির পাট্টা বিলি এবং কর্মসংস্থানের নামে ব্যাপক দুর্নীতির অভিযোগ তুলেছে বিজেপি।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন।

৫) ইদ এবং রামনবমীকে কেন্দ্র করে অশান্তি ঠেকাতে প্রশাসন তৎপর বলে কলকাতা ও রাজ্য পুলিশ জানিয়েছে।

৬) দক্ষিণবঙ্গের পাঁচ জেলায় তাপপ্রবাহের সতর্কবার্তা দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর । উত্তরবঙ্গের ২-১-টি জেলায় বৃষ্টির পূর্বাভাষ।

০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় ওষুধ নিয়ন্ত্রক সংস্থা - CDSCO, এরাজ্যের দুটি সংস্থা সহ গোটা দেশের একাধিক সংস্থার ১০৪-টি ব্র্যান্ডের ওষুধকে গুণগত ভাবে অনুপযুক্ত বা নট ফর স্ট্যান্ডার্ড কোয়ালিটি ড্রাগস বলে চিহ্নিত করেছে । এছাড়া রাজ্যের সেন্ট্রাল ল্যাবে ২৭টি, রাজ্য ড্রাগ ল্যাবের ১-টি করে ওষুধ গুণমান পরীক্ষায় অনুত্তীর্ণ হয়েছে।

CDSCO এই নিয়ে চার দফায় ৪৯৭-টি ওষুধকে গুণগতভাবে অনুপযুক্ত চিহ্নিত করল। এই তালিকায় রক্তচাপ ও জ্বর কমানোর মত সাধারণ অসুখ থেকে শুরু করে, খিঁচুনি, ভিটামিন সি-এর ঘাটতি থেকে খাদ্যনালীর সমস্যা সংক্রান্ত চিকিৎসা, পক্সের টিকা, বহুল প্রচলিত অ্যান্টিবায়োটিক এমনকী লিভারের অসুখ, স্ত্রীরোগে ব্যবহৃত হওয়া ওষুধও রয়েছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

এদিকে এই কেন্দ্রীয় সংস্থা জলাতঙ্কের জাল টিকা চিহ্নিত করায় দেশ জুড়ে আতঙ্ক ছড়িয়েছে। জানা গেছে, দিল্লি, মুম্বই, আমেদাবাদ ও লক্ষ্ণৌতে একটি জনপ্রিয় ব্র্যান্ড থেকে জাল করা জলাতঙ্কের ইঞ্জেকশন ছড়িয়ে পড়েছে। নকল টিকার ব্যাচ নম্বর উল্লেখ করে এব্যাপারে গতকালই রাজ্যগুলিকে সতর্ক করে দেওয়া হয়। সতর্কবার্তায় পরিষ্কারভাবে জানানো হয়েছে, জাল ইঞ্জেকশন নিলে স্বাস্থ্য সংক্রান্ত জটিল সমস্যা তৈরি হতে পারে। তাই প্রতিটি এলাকায় তল্লাশি চালিয়ে জাল ওষুধ কোথায়, কত রয়েছে এবং তা অবিলম্বে বাজেয়াপ্ত করার নির্দেশ দিয়েছে সরকার।

০০০০০০০০০০০০০০০০০০০

পঞ্চায়েত স্তরে বিভিন্ন শংসাপত্র প্রদান, বিল্ডিং প্ল্যানের ছাড়পত্র দেওয়ার মতো ১২ টি নাগরিক পরিষেবা অনলাইনে দেওয়া বাধ্যতামূলক করা হচ্ছে। স্মার্ট পঞ্চায়েত কর্মসূচির আওতায় গত দুবছরে এরকম ৩২-টি পরিষেবা অনলাইন মাধ্যমে আনা হলেও এতদিন তা বাধ্যতামূলক ছিলনা। ১লা এপ্রিল থেকে তা আবশ্যিক হবে। ইতোমধ্যেই রাজ্যের পঞ্চায়েত দফতর জেলাগুলিকে এই মর্মে নির্দেশিকা পাঠিয়েছে। কোনও ক্ষেত্রে এর ব্যতিক্রম হলে সংশ্লিষ্ট জেলা এবং আধিকারিকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলেও জানিয়ে দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

বীরভূমের দেউচা পাচামিতে জমির পাট্টা বিলি এবং কর্মসংস্থান এর নামে ব্যাপক দুর্নীতির অভিযোগ তুলেছে বিজেপি। বিরোধী দল নেতা শুভেন্দু অধিকারী আজ বীরভূমের সিউড়ীতে সাংবাদিকদের জানান, আদিবাসীদের বঞ্চিত করে বাইরের, এমনকি অন্য জেলার মানুষকে পাট্টা দেওয়া হয়েছে।

যাদের চাকরি দেওয়া হয়েছে তারা কেউ জমির বিনিময়ে চাকরি প্রার্থী নয় বলে জানান তিনি। এ ব্যাপারে স্বজন পোষণের অভিযোগ তুলে বিরোধী দলনেতা বলেন, পরিবেশ ধ্বংশ করে প্রচুর গাছ কাটা হয়েছে। যে ব্লক গুলির জন্য দরপত্র আহ্বান করা হয়েছে সেখানে কোথাও কয়লা উত্তোলনের বিষয়টি উল্লেখ নেই বলেও অভিযোগ করেন শুভেন্দু।

বাইট ( শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির অভিযোগ তুলে বিজেপি আজ কলকাতায় মিছিল করেছে। লেকটাউন থেকে মিছিল শুরু হলে অবরুদ্ধ হয়ে পড়ে ভি আই পি রোড। দমদম পার্ক এলাকায় মিছিল পৌঁছলে বাধা দেয় পুলিশ। সেসময় বিজেপি কর্মীদের সঙ্গে পুলিশ -প্রশাসনের বাক্ বিতন্ডা শুরু হয়। অবস্থানরত বিজেপি কর্মীদের সরাতে গেলে পরিস্থিতি জটিল আকার নেয়। বিজেপি-র অভিযোগ দলের মহিলা কর্মীদের বাধা দেওয়ার সময় সেখানে কোন মহিলা পুলিশ কর্মী ছিলেন না।

এদিকে, তীব্র যান জটের জেরে ভোগান্তির মধ্যে পড়েন সাধারণ মানুষ। বিশাল পুলিশ বাহিনী সেখানে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

মালদার মোথাবাড়ির ঘটনার প্রতিবাদে আজ উলুবেড়িয়ার পানিপুর মোড়ে পথ অবরোধ করে বিক্ষোভ দেখায় বিজেপি-র কর্মী সমর্থকরা। উপস্থিত ছিলেন হাওড়া জেলা গ্রামীণ বিজেপির সভাপতি অরুণ উদয় পাল চৌধুরী।

০০০০০০০০০০০০০০০০০০০০০

৮ দিনের লন্ডন সফর শেষ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ কলকাতায় ফিরেছেন। সন্ধ্যায় কলকাতা বিমানবন্দরে পৌঁছন তিনি। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের আওতাধীন কেলগ কলেজে বক্তব্য রাখা তার সফরের মূল উদ্দেশ্য হলেও বাণিজ্য সম্মেলন এবং বাণিজ্য বৈঠকে অংশ নিয়েছেন তিনি। মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন সাংবাদিক ও শিল্পপতিদের একটি দল। ছিলেন মুখ্যসচিব মনোজ পন্থ, শিল্প সচিব বন্দনা যাদব প্রমুখ।

০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আর জি কর-এ তরুণ চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় দায় কোনভাবেই এড়াতে পারেন না বলে বাম ছাত্র সংগঠন এস এফ আই  জানিয়েছে। আজ কলকাতায়

এক সাংবাদিক বৈঠকে এস এফ আই নেতা সৃজন ভট্টাচার্য বলেন মুখ্যমন্ত্রী প্রথম দোষীদের শাস্তি চায় বলে মিছিল করেছিলেন। তাঁর সঙ্গে সন্দীপ ঘোষ এবং তার সহযোগীদের যোগাযোগের কথাও প্রকাশ্যে এসেছে। রাজ্য সরকারের প্রশাসন এবং পুলিশের বিরুদ্ধে প্রমাণ লোপাটের অভিযোগও রয়েছে। অক্সফোর্ডের কেলগ কলেজে গন্ডগোলের দায় মুখ্যমন্ত্রীর ওপরেই চাপিয়েছেন তিনি।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মাসিক বেতার অনুষ্ঠান মন কি বাতের ১২০-তম পর্বে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন।

বেলা ১১ টা থেকে আকাশবাণীর সব কটি প্রচার তরঙ্গ, দূরদর্শনের সব চ্যানেল , AIR News website, NewsOnAir mobile app-এ সম্প্রচারিত হবে। মন-কি-বাত আকাশবাণী সংবাদ, দূরদর্শন সংবাদ প্রধানমন্ত্রীর দপ্তর এবং তথ্য সম্প্রচার মন্ত্রকের YouTube channel-এও মন কি বাতের লাইভ স্ট্রিমিং হবে।

মূল অনুষ্ঠানটির ঠিক পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা সম্প্রচারিত হবে।

ooooooooooooooooooooo

স্পটলাইটে এবারের আলোচনা ‘প্রধানমন্ত্রীর মরিশাস সফর এবং ভারতের বিদেশনীতি’। আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞ অনিন্দ্য জ্যোতি মজুমদারের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত এই অনুষ্ঠানটির দ্বিতীয় পর্ব তথা শেষ পর্ব শোনা যাবে রবিবার রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচারতরঙ্গে।

oooooooooooooooooooo

ঈদ এবং রামনবমীকে কেন্দ্র করে কলকাতা সহ রাজ্যের বেশ কিছু জায়গায় সাম্প্রদায়িক অশান্তির পরিকল্পনা করা হচ্ছে বলে কলকাতা ও রাজ্য পুলিশ জানিয়েছে। আজ ভবানীভবনে এক সাংবাদিক সম্মেলনে ADG আইনশৃঙ্খলা জাভেদ শামিম এবং ADG দক্ষিনবঙ্গ সুপ্রতিম সরকার বলেন পোস্টারের মাধ্যমে এবং সোশ্যাল মিডিয়ায় হিংসা ছড়ানোর ষড়যন্ত্র চলছে। সব জেলায় সতর্কতামূলক বার্তা দেওয়া হয়েছে বলে সুপ্রতিম সরকার জানান।

( বাইট – সুপ্রতিম সরকার )

পাশাপাশি কোথাও অশান্তির খবর পেলে দ্রুত প্রশাসনকে জানানোর কথা বলেছেন তারা। কোনরকম উস্কানিমূলক মন্তব্য প্রশাসন বরদাস্ত করবে না বলে পুলিশের তরফে স্পষ্ট জানানো হয়েছে।

মালদার মোথাবাড়িতে অশান্তির ঘটনায় ১৯-টি মামলা রুজু হয়েছে। মোট ৬১ জন গ্রেফতার হয়েছে বলে জানান তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০

সাম্প্রদায়িক – সম্প্রীতি রক্ষার লক্ষে রাজ্য কংগ্রেস আজ সদ্ভাবনা যাত্রার আয়োজন করে। সমাজের বিভিন্ন স্তরের ও সম্প্রদায়ের মানুষ এতে অংশ নেন। ঈদ এবং আসন্ন রামনবমী উপলক্ষে শান্তি ও সৌভ্রাতৃত্বের পরিবেশ বজায় রাখতে এই কর্মসূচী গ্রহণ করা হয়।

এদিন নাখোদা মসজিদের সামনে থেকে শুরু হয় পদযাত্রা। অংশ নেন, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। সেন্ট্রাল অ্যাভিনিউ হয়ে রামমন্দির পর্যন্ত যায় মিছিল

০০০০০০০০০০০০০০০০০০০০

রমজানের শেষ পর্বে চলছে ইদের কেনাকাটা। তুমুল ব্যস্ততা গঞ্জ মফস্বলের হাটে বাজারে। উৎসব মুখর মানুষের ভীড় সবখানে, মুর্শিদাবাদ থেকে আমাদের জেলা সংবাদদাতার প্রতিবেদন।

(ভয়েসকাস্ট – মামুন)

০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণবঙ্গের পাঁচটি জেলায়, তাপপ্রবাহের সতর্ক বার্তা দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। দার্জিলিং, কালিম্পং জেলায় আজ ও আগামীকাল বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দপ্তরের পূর্বাঞ্চলীয় অধিকর্তা, ডঃ সোমনাথ দত্ত আকাশবাণীকে জানান, আগামী মাসের 4 তারিখ পর্যন্ত রাজ্যের কোথাও বৃষ্টির সম্ভাবনা নেই।

(বাইট – সোমনাথ দত্ত)

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০